



জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং:- ১০(৭৬১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/অনলাইন ভর্তি (অংশ)/২০১৭-১৮/১৯৪৭

তারিখ: ২০/০৫/২০১৮

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির দ্বৈত ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) কোর্সে ভর্তি হয়ে রেজিস্ট্রেশন কার্ড পেয়েছে, সে সকল শিক্ষার্থীর দ্বৈত ভর্তির কারণে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণির রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হয়নি। তবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দ্বৈত ভর্তিকৃত শিক্ষার্থীদের স্বার্থ বিবেচনায় এনে তাদের পূর্বের ভর্তি বাতিলপূর্বক (নির্ধারিত জরিমানা ও ভর্তি বাতিল ফি প্রদান করে) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। তাদের জরিমানা ও ভর্তি বাতিলের হার নিম্নরূপঃ

ক্রমিক	ভর্তি বাতিলকারীর ধরণ	জরিমানার পরিমাণ
ক)	২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) কোর্সে যে সকল শিক্ষার্থী ভর্তি হয়ে ২০১৭ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছে।	প্রতি শিক্ষার্থী ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ভর্তি বাতিল ফি= ৭০০/- (সাতশত) টাকা
খ)	২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) কোর্সে যে সকল শিক্ষার্থী ভর্তি হয়েছে কিন্তু ২০১৭ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি।	প্রতি শিক্ষার্থী ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা ও ভর্তি বাতিল ফি= ৭০০/- (সাতশত) টাকা
গ)	অনলাইনে ভর্তি বাতিলের লিংক	http://202.51.179.36/PMS/Student/AdmissionCancel.aspx

উল্লিখিত জরিমানা ও ভর্তি বাতিল ফি প্রদানপূর্বক যে সকল শিক্ষার্থী তাদের পূর্ববর্তী ভর্তি বাতিল করবে, সে সকল শিক্ষার্থীর ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রোগ্রামে ভর্তিকৃত বিষয়ে রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হবে।

উল্লেখ্য যে, শিক্ষার্থী যে শিক্ষা কার্যক্রমের (ক্রমিক ক অথবা খ) ভর্তি বাতিল করবে তাকে অবশ্যই সেই শিক্ষা কার্যক্রমের মূল রেজিস্ট্রেশন কার্ডটি স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল দপ্তরে জমা দিতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)

ডিন (ভারপ্রাপ্ত),

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ৯২৯১০৬৮, ৯২৯২০৮৪

ই-মেইল- deanug@nubd.info

স্মারক নং:- ১০(৭৬১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/অনলাইন ভর্তি (অংশ)/২০১৭-১৮/১৯৪৭

তারিখ: ২০/০৫/২০১৮

অবগতির জন্য অনুলিপি দেয়া হলোঃ

১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়।

২। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়

৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়

৬। অফিস কপি।

উপ-রেজিস্ট্রার

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪